

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জনশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ফেব্রুয়ারি ১, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়  
মজুরী বোর্ড শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ১১ মাঘ, ১৪২৮ বঙ্গাব্দ/২৫ জানুয়ারি, ২০২২ খ্রিষ্টাব্দ

এস, আর, ও, নম্বর-২৬-আইন/২০২২।—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ১৪০ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার উক্ত আইনের ধারা ১৩৯ এর অধীন ‘সিকিউরিটি সার্ভিস’ শিল্প সেক্টর, অতঃপর উক্ত শিল্প সেক্টর বলিয়া উল্লিখিত, এর শ্রমিক ও কর্মচারীর জন্য নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক সুপারিশকৃত নিম্নের তফসিলদ্বয়ে বর্ণিত নিম্নতম মজুরীর হারকে, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, উক্ত শিল্প সেক্টরের শ্রমিক ও কর্মচারীর জন্য নিম্নতম মজুরী হার হিসাবে ঘোষণা করিল, যথা:—

তফসিল-ক

শ্রমিকের নিম্নতম মজুরী হার

ক্রমিক নম্বর	শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ	এলাকা	মাসিক মূল মজুরী (টাকা)	বাড়ি ভাড়া ভাতা (টাকা) শহর ও সিটি কর্পোরেশন এলাকায় মূল মজুরীর ৫০% এবং জেলা শহর ও অন্যান্য এলাকায় মূল মজুরীর ৪০%	চিকিৎসা ভাতা (টাকা)	যাতায়াত ভাতা (টাকা)	সর্বমোট মজুরী (টাকা)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
১।	গ্রেড-১ : ১। সিকিউরিটি ইন্সপেক্টর	বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা	৮৪০০/-	৪২০০/-	১০০০/-	৪০০/-	১৪০০০/-

( ৩৪৯৩ )

মূল্য : টাকা ২৪.০০

(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
	২। সিকিউরিটি শিফট ইনচার্জ ৩। জোন কমান্ডার ৪। গানম্যান	জেলা শহর ও অন্যান্য এলাকা	৮৪০০/-	৩৩৬০/-	১০০০/-	৩০০/-	১৩০৬০/-
২।	গ্রেড-২ : ১। সিকিউরিটি সুপারভাইজার	বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা	৭১০০/-	৩৫৫০/-	১০০০/-	৪০০/-	১২০৫০/-
	২। সহকারী জোন কমান্ডার ৩। এটিএম সেল চেকার	জেলা শহর ও অন্যান্য এলাকা	৭১০০/-	২৮৪০/-	১০০০/-	৩০০/-	১১২৪০/-
৩।	গ্রেড-৩ : ১। সহকারী সিকিউরিটি সুপারভাইজার	বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা	৬১০০/-	৩০৫০/-	১০০০/-	৪০০/-	১০৫৫০/-
	২। সিনিয়র সিকিউরিটি গার্ড	জেলা শহর ও অন্যান্য এলাকা	৬১০০/-	২৪৪০/-	১০০০/-	৩০০/-	৯৮৪০/-
৪।	গ্রেড-৪ : ১। সিকিউরিটি গার্ড	বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা	৫৬০০/-	২৮০০/-	১০০০/-	৪০০/-	৯৮০০/-
		জেলা শহর ও অন্যান্য এলাকা	৫৬০০/-	২২৪০/-	১০০০/-	৩০০/-	৯১৪০/-

## শিক্ষানবিশ শ্রমিকের ক্ষেত্রে :

(ক) শিক্ষানবিশিকাল হইবে (তিন) মাস:

তবে শর্ত থাকে যে, একজন শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিশিকাল আরো ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে যদি কোনো কারণে প্রথম ৩ (তিন) মাস শিক্ষানবিশিকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়;

(খ) শিক্ষানবিশিকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন;

(গ) শিক্ষানবিশিকালে শিক্ষানবিশ শ্রমিক মাসিক সর্বসাকুল্যে ৭ (সাত) হাজার টাকা প্রাপ্ত হইবেন।

## তফসিল-খ

## কর্মচারীর নিম্নতম মজুরী হার

ক্রমিক নম্বর	শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ	এলাকা	মাসিক মূল মজুরী (টাকা)	বাড়ি ভাড়া ভাতা (টাকা) বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় মূল মজুরীর ৫০% এবং জেলা শহর ও অন্যান্য এলাকায় মূল মজুরীর ৪০%)	চিকিৎসা ভাতা (টাকা)	যাতায়াত ভাতা (টাকা)	সর্বমোট মজুরী (টাকা)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
১।	গ্রেড-১ :	বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা	৮৫০০/-	৪২৫০/-	১০০০/-	৪০০/-	১৪১৫০/-
	১। ট্রান্সপোর্ট সুপারিনটেনডেন্ট						
	২। ট্রান্সপোর্ট সুপারভাইজার	জেলা শহর ও অন্যান্য এলাকা	৮৫০০/-	৩৪০০/-	১০০০/-	৩০০/-	১৩২০০/-
	৩। অডিটর						
	৪। উচ্চমান সহকারী						
	৫। এক্সিকিউটিভ অ্যাসিস্টেন্ট						
৬। হিসাবরক্ষক							
২।	গ্রেড-২ :	বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা	৭২০০/-	৩৬০০/-	১০০০/-	৪০০/-	১২২০০/-
	১। কম্পিউটার অপারেটর						
	২। অফিস সহকারী	জেলা শহর ও অন্যান্য এলাকা	৭২০০/-	২৮৮০/-	১০০০/-	৩০০/-	১১৩৮০/-
	৩। ক্যাশ সহকারী						
	৪। স্টোর কিপার						
৫। টেলিফোন অপারেটর-কাম- রিসেপসনিস্ট							
৩।	গ্রেড-৩ :	বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকা	৬০০০/-	৩০০০/-	১০০০/-	৪০০/-	১০৪০০/-
	১। ড্রাইভার						
	২। মেকানিক	জেলা শহর ও অন্যান্য এলাকা	৬০০০/-	২৪০০/-	১০০০/-	৩০০/-	৯৭০০/-
৩। ইলেকট্রিশিয়ান							

(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
৪।	গ্রেড-৪ :	বিভাগীয় শহর ও	৫৩০০/-	২৬৫০/-	১০০০/-	৪০০/-	৯৩৫০/-
	১। পিয়ন (অফিস সহায়ক)	সিটি কর্পোরেশন এলাকা					
	২। লিফটম্যান	জেলা শহর ও অন্যান্য এলাকা	৫৩০০/-	২১২০/-	১০০০/-	৩০০/-	৮৭২০/-
	৩। কুক						
	৪। মশালচি						
	৫। ক্লিনার (পরিচ্ছন্নতা কর্মী)						
	৬। ম্যাসেঞ্জার						
	৭। মালি						
	৮। টি বয়/ক্যান্টিন বয়						

**শিক্ষানবিশ কর্মচারীর ক্ষেত্রে :**

- (ক) শিক্ষানবিশিকাল হইবে ৬ (ছয়) মাস:
- (খ) শিক্ষানবিশিকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ কর্মচারী সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী কর্মচারী হিসাবে নিযুক্ত হইবেন; এবং
- (গ) শিক্ষানবিশিকালে শিক্ষানবিশ কর্মচারী মাসিক সর্বসাকুল্যে ৭ (সাত) হাজার টাকা প্রাপ্ত হইবেন।

**শর্তাবলি :**

- ১। তফসিল-ক ও তফসিল খ এ উল্লিখিত বিভিন্ন কলামে মাসিক ভিত্তিতে নিম্নতম মজুরী হার বাংলাদেশের সকল 'সিকিউরিটি সার্ভিস' শিল্প সেক্টরের জন্য প্রযোজ্য হইবে।
- ২। তফসিল-ক ও তফসিল খ এ উল্লিখিত পদের অতিরিক্ত কোনো পদ সংশ্লিষ্ট শিল্পে পূর্ব হইতে বিদ্যমান অথবা পরবর্তীতে সংযোজিত হইলে উহা যথাযথ শ্রেণি বা গ্রেডে অন্তর্ভুক্ত করা যাইবে।
- ৩। তফসিল-ক ও তফসিল খ এ উল্লিখিত শ্রমিক ও কর্মচারী বর্তমানে যেই গ্রেডে কর্মরত রহিয়াছেন সেই গ্রেডেই তাহাকে স্থলাভিষিক্ত করিয়া এই মজুরী কাঠামোর সহিত সমন্বয়পূর্বক তাহার মজুরী নির্ধারণ করিতে হইবে এবং কোনো শ্রমিককে নিম্ন গ্রেডভুক্ত করা যাইবে না।

- ৪। এই প্রজ্ঞাপন জারির পর হইতে উক্ত শিল্প সেক্টরের মালিকগণ তফসিল-ক ও তফসিল খ এ উল্লিখিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিক ও কর্মচারীকে যথাযথ পদে সন্নিবেশ করিয়া মজুরী রেজিস্টারভুক্ত করত মজুরী স্লিপ প্রদান করিবেন।
- ৫। তফসিল-ক ও তফসিল খ এ উল্লিখিত মজুরী মাসিক নিম্নতম মজুরী হিসাবে গণ্য হইবে এবং উক্ত নিম্নতম মজুরী অপেক্ষা কম মজুরী প্রদান করা যাইবে না:
- তবে শর্ত থাকে যে, উক্ত নিম্নতম মজুরী অপেক্ষা অধিক হারে মজুরী প্রদত্ত হইয়া থাকিলে তাহা হ্রাস করা যাইবে না।
- ৬। নিয়োগকর্তা বা মালিকপক্ষ স্ব-উদ্যোগে, এককভাবে বা যৌথ উদ্যোগে সম্পাদিত চুক্তি অনুযায়ী কোনো শ্রমিক বা কর্মচারীকে অধিক হারে মজুরী প্রদান করিতে পারিবেন।
- ৭। সিকিউরিটি গার্ড পদে প্রাথমিক নিয়োগের ক্ষেত্রে শিক্ষিত প্রার্থীর বিশেষ যোগ্যতা ও দক্ষতা বিবেচনায় নিয়োগকর্তা সিকিউরিটি গার্ডের মাসিক মজুরীর সহিত অতিরিক্ত মজুরী প্রদান করিতে পারিবেন যাহা আউটসোর্সিং (outsourcing) নিয়োগ কর্তার ক্ষেত্রেও প্রযোজ্য হইবে।
- ৮। উক্ত শিল্প সেক্টরে কোনো শ্রমিক বা কর্মচারী ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরী প্রাপ্ত হইয়া থাকিলে উক্ত শ্রমিক ও কর্মচারীও বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২(৬৫) অনুযায়ী 'শ্রমিক' বলিয়া গণ্য হইবেন। উক্ত শিল্প সেক্টরে কোনো শ্রমিকের ঠিকাদারের নিকট প্রাপ্য পাওনাদির ক্ষেত্রে সমস্যা সৃষ্টি হইলে তাহার দায়-দায়িত্ব মালিকপক্ষের উপর বর্তাইবে। ঠিকাদার নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক শ্রমিক ও কর্মচারীর জন্য ঘোষিত নিম্নতম মজুরী অপেক্ষা কম মজুরী প্রদান করিতে পারিবেন না।
- ৯। শর্ত ৮ এ উল্লিখিত নিয়োগকারী ঠিকাদার বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১২১, ১৫০ এবং ১৬১ এর বিধান মোতাবেক মালিকের ন্যায় একইরূপ ব্যবস্থা গ্রহণ করিবেন।
- ১০। উক্ত শিল্প সেক্টরের মালিক যদি শ্রমিক ও কর্মচারীকে ফুরন ভিত্তিক (piece rate) মজুরী প্রদান করিয়া থাকেন, তবে তফসিল-ক ও তফসিল-খ এ উল্লিখিত হারে ও উপরি-উক্ত শর্তাধীনে মজুরীর হার এইরূপ হারে সংশোধন করিতে হইবে যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণিভুক্ত শ্রমিক ও কর্মচারীর জন্য নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কম মজুরী প্রাপ্ত না হন।
- ১১। তফসিল-ক ও তফসিল-খ এ উল্লিখিত নিম্নতম মজুরী ও ভাতা ব্যতীত শ্রমিক ও কর্মচারী কর্মরত প্রতিষ্ঠানে অন্যান্য যে সকল অধিকার, সুযোগ-সুবিধা ও ভাতা প্রাপ্য হন উহা বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর সংশ্লিষ্ট ধারার বিধান মোতাবেক বলবৎ ও অব্যাহত থাকিবে।

- ১২। তফসিল-ক ও তফসিল-খ এ উল্লিখিত নিম্নতম মজুরী সমন্বয় করিয়া ১ (এক) বৎসর কর্মরত থাকিবার পর শ্রমিক ও কর্মচারীর মূল মজুরীর ৫% (শতকরা পাঁচ শতাংশ) হারে বাৎসরিক ভিত্তিতে মজুরী বৃদ্ধি পাইবে এবং পরবর্তী বৎসরে ক্রমবর্ধমান হারে পুনরায় মূল মজুরীর ৫% (শতকরা পাঁচ শতাংশ) হারে বৃদ্ধি পাইবে।
- ব্যাখ্যা : যদি একজন শ্রমিকের মূল মজুরী ৫৬০০/- (পাঁচ হাজার ছয়শত) টাকা হয় তবে, এক বৎসর কর্মরত থাকিবার পর তাহার বাৎসরিক মজুরী বৃদ্ধি পাইয়া মূল মজুরী ৫৮৮০/- (পাঁচ হাজার আটশত আশি) টাকা নির্ধারিত হইবে এবং পরবর্তী বৎসরে ক্রমবর্ধমান হারে পুনরায় ৫% (শতকরা পাঁচ শতাংশ) হারে বৃদ্ধি পাইবে অর্থাৎ মূল মজুরী ৫৮৮০/- (পাঁচ হাজার আটশত আশি) টাকার ৫% (শতকরা পাঁচ শতাংশ) বৃদ্ধি পাইয়া ৬১৭৪ (ছয় হাজার একশত চুয়াত্তর) টাকা নির্ধারিত হইবে।
- ১৩। উক্ত শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিক ও কর্মচারী বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর সংশ্লিষ্ট বিধান অনুযায়ী ভাতা এবং অন্যান্য সুবিধা প্রাপ্য হইবেন।
- ১৪। এই প্রজ্ঞাপনে উল্লিখিত কোনো বিষয় বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর সহিত সাংঘর্ষিক হইলে, উহা বাতিল বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

শাহানা জামান

উপসচিব।